
26 MAY 2017
পৃঃ 8

যুগান্তর

# শিক্ষকের মূল্যবোধ

## হীরেন পণ্ডিত

আমাদের সমাজে শিক্ষকতা পেশাকে মহান, আদর্শ, সম্মানিত ইত্যাদি অভিধায়
ভূষিত করা হয়ে থাকে। সমাজের চোখে শিক্ষকরা হচ্ছেন মানুষ গড়ার কারিগর।
ব্যক্তিজীবনে তারা ন্যায় ও নীতির চর্চা করবেন, ছাত্রছাত্রীদের জন্য উন্নত চিন্তা
আর জ্ঞানচর্চার ক্ষেত্রে দৃষ্টান্ত হয়ে থাকবেন, সমাজ এমনটাই আশা করে। যারা
এই মাপকাঠিতে পড়বেন না, তাদের যে শিক্ষকতার পেশা গ্রহণ করা উচিত নয়,
সমাজ তাদের তা বারবার স্মরণ করিয়েও দেয়।
শিক্ষকতা এখনও আমাদের সমাজে একটি সম্মানিত পেশা। কিন্তু এখন কি সে
অবস্থা আছে? সম্প্রতি পুলিশের তথ্যে জানা গেল, শিক্ষার্থীদের পরীক্ষার প্রশ্নপত্র
ফাঁস করার 'শক্তিশালী সিন্ডিকেট' গড়ে উঠেছে, যার মধ্যে শিক্ষকরাও আছেন।
শিক্ষকদের প্রশ্নপত্র ফাঁসে জড়িত থাকার কথা উল্লেখ করে সম্প্রতি মাননীয়
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শিক্ষকরা এমনটা করলে মুখ থাকে
কোথায়? তারা শিক্ষক নামের কলঙ্ক।' তিনি বলেন, 'দয়া করে মান-ইজ্জত
থাকতে স্বেচ্ছায় এই পথ ছেড়ে দিন। তা না হলে আইন অনুযায়ী সর্বোচ্চ ব্যবস্থা
নেয়া হবে।' শিক্ষার্থীদের উদ্দেশে মন্ত্রী বলেন, 'দয়া করে ভালোভাবে পড়ালেখা
করো। প্রশ্নপত্র ফাঁসের ধান্দায় ছুটবে না।' প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে
অভিভাবকদেরও সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আপনার
ছেলেমেয়েদের ভালো করে লেখাপড়া করান। প্রশ্ন ফাঁসের পেছনে দৌড়াবেন না,
ছেলেমেয়েদেরও দৌড়াতে দেবেন না।'



সবচেয়ে দুর্ভাগ্যজনক ও উদ্বেগের বিষয় হল, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করার
প্রক্রিয়ার সঙ্গে কিছু শিক্ষকের সংশ্লিষ্টতার জোর অভিযোগ উঠেছে। প্রশ্নপত্র
ফাঁসের সঙ্গে সংশ্লিষ্ট থাকার অভিযোগে কোনো বিদ্যালয়ের অধ্যক্ষের পুলিশ
রিমান্ডের মুখোমুখি হওয়া গোটা শিক্ষক সম্প্রদায়ের জন্যই ভীষণ লজ্জাজনক ও
মর্যাদা হানিকর। এ বিষয়ে শিক্ষামন্ত্রী বলেছেন, 'সত্যিকার অর্থে আমাদের
মূল্যবোধসম্পন্ন শিক্ষক বেশি দরকার।' এ বিষয়ে দ্বিমত প্রকাশ করার কোনো
উপায় নেই। তবে যে কথাটা আরও পরিষ্কারভাবে বলা দরকার তা হল,
মূল্যবোধসম্পন্ন শিক্ষক বেশি দরকার কথাটার মানে দাঁড়ায় শিক্ষকদের কাছ
থেকে মূল্যবোধ হারিয়ে গেলে চলবে না। একজনও মূল্যবোধহীন শিক্ষক
আমাদের সমাজে গ্রহণযোগ্য হবেন না। সব শিক্ষককেই মূল্যবোধসম্পন্ন হতে
হবে। মূল্যবোধের কোনো ঘাটতি রাখা উচিত হবে না।
কিন্তু আমরা মূল্যবোধসম্পন্ন শিক্ষক কোথায় কীভাবে পাব? আমাদের সমাজে
নৈতিক অবক্ষয় শুরু হয়েছে। সমাজের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকেছে। শিক্ষকরা তো
এ সমাজেরই অংশ। তাই কীভাবে সেই মূল্যবোধ বজায় থাকবে? শিক্ষকদের
নৈতিক মূল্যবোধ অটুট রাখার জন্য যে মূল্যবোধসম্পন্ন শিক্ষা মন্ত্রণালয় থাকা
অপরিহার্য, তা কি আমাদের আছে? শিক্ষা মন্ত্রণালয় নিজেই কি মূল্যবোধের চর্চা
করে? শিক্ষকদের মূল্যবোধ ঠিক রাখতে হলে সবকিছুর আগে শিক্ষা মন্ত্রণালয়ের
মূল্যবোধের প্রতি নজর দিতে হবে।

**হীরেন পণ্ডিত :** উন্নয়ন গবেষক